

ইআবির অধিনে সারাদেশে কামিল পরীক্ষা শুরু


অনলাইন ডেক্স

০৩ মে, ২০২৫ ১৬:০১

শেয়ার

অ +

অ -



সংগ্রহিত ছবি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুত সারাদেশের কামিল মাদরাসাগুলোর দুই বছর মেয়াদী কামিল (স্নাতকোত্তর)
২০২৩ সালের পরীক্ষা শুরু হয়েছে।

শনিবার (০৩) মে সকাল ৯ টায় এ পরীক্ষা শুরু হয়। এদিন সকালে টঙ্গীর তামিরুল মিল্লাত কামিল মাদরাসা কেন্দ্র পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মো. শামছুল আলম। এসময় বিশ্ববিদ্যালয়ের

রেজিস্ট্রার মো. আইউব হোসেন ও পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী তাঁর সাথে উপস্থিত ছিলেন।

অপরাদিকে, বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ শহীদুল ইসলাম ও প্রো-ভিসি প্রফেসর ড. মোহাম্মদ আবু জাফর খান পৃথক পৃথক কেন্দ্র পরিদর্শন করেন।

আরো পড়ুন



রাখাইনে মানবিক করিডর দেওয়া উচিত নয় : ফরহাদ মজহার

পরিদর্শন শেষে ভাইস-চ্যাপ্সেলর বলেন, উপযুক্ত পরিবেশে পরীক্ষা হচ্ছে। তারপরও আমরা বিভিন্ন কেন্দ্রের দিকে নজর রাখছি যাতে কোনো রকম অনিয়ম না হয়। কেউ অসদৃপায় অবলম্বন করলেই তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।



তিনি আরো বলেন, যেকোনো মূল্যে শিক্ষার মান উন্নয়ন ও সেশনজট মুক্ত করে মাদরাসা শিক্ষাকে এগিয়ে নিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বন্দপরিকর। এক্ষেত্রে পরীক্ষা কেন্দ্রে নকলমুক্ত পরিবেশ নিশ্চিত করতে পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকসহ সকলের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

এ বিষয়ে পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী জানান, নকলমুক্ত উপযুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এবারের পরীক্ষায় সারাদেশের মোট ১৪৯ কেন্দ্রে প্রায় ৪৩০০০ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করছেন।

সকাল নয়টা থেকে দুপুর একটা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। কামিল হাদিস, কামিল তাফসির, কামিল ফিকাহ, কামিল আদব বিষয়ে কামিল স্নাতকোত্তর পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ২৪ মে পর্যন্ত পরীক্ষা চলবে।